মাংস বিক্রেতা ভোদড়কে আটক করে কারাগারে পাঠালেন বিচারক

এবার রোগাক্রান্ত ছাগলের মাংস বিক্রি করার অভিযোগে মেহেরপুর শহরের মাংস বিক্রেতাকে ভোদড়কে আটক করে কারাগারে পাঠানো হয়েছে।

আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) বেলা দেড়টার দিকে দুপুরের দিকে মেহেরপুর বিশুদ্ধ খাদ্য আদালতের বিচারক এস,এম শরিয়ত উল্লাহ তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মাংস বিক্রেতা ভোদড় মেহেরপুর শহরের নতুন পাড়ার আব্দুল মান্নানের ছেলে।

এর আগে বেলা ১১ টার দিকে জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদের নেতৃত্বে শহরের হোটেল বাজার এলাকায় মাংসের বাজারে অভিযান চালানো হয়। মাংস বিক্রেতা ভোদড় একটি অসুস্থ ছাগলের মাংশ বিক্রি করছিলেন। এসময় তার কাছ থেকে বেশকিছু অসুস্থ্য ছাগলের মাংস উদ্ধার করা হয়।

এই অপরাধে মাংস বিক্রেতা ভোদড়কে আটক করে মেহেরপুর বিশুদ্ধ খাদ্য আদালতে নেওয়া হয়।

বিশুদ্ধ খাদ্য আদালতের বিচারক এস,এম শরিয়ত উল্লাহ ভোদড়কে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। এ সময় সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তরিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মাংস বিক্রেতা পিতা- পুত্রকে ১ বছরের প্রবেশনাল

সাজা প্রদান

মেহেরপুরে মাংসের বাজারে ফ্রিজিং করা বাসি ছাগীর মাংস বিক্রির অপরাধে মাংস বিক্রেতা সাজু (৩৪) ও সরকারি কাজে বাধা দেওয়ার অপরাধে তার পিতা মোহাম্মদ আলীকে ১বছরের প্রবেশন সাজা দিয়েছে আদালতের বিজ্ঞ বিচারক।

আজ বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর) সকাল ১০টার সময় নিরাপদ খাদ্য আদালতের বিজ্ঞ বিচারক এস এম শরিয়ত উল্লাহ তাদের ১বছরের প্রবেশন সাজা দিয়ে তাদের সংশোধন হওয়ার আদেশ জারি করেন তিনি। মাংস বিক্রেতা সাজু ও তার পিতা মোহাম্মদ আলী শহরের চক্রপাড়া এলাকার বাসিন্দা।

এর আগে সকালের দিকে মেহেরেপুর জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা মোঃ রিয়াজ মাহামুদ মেহেরপুর পৌরসভার মাংসের বাজারে অভিযান চালিয়ে ৮ কেজি ফ্রিজিং করা বাসি ছাগীর মাংস জব্দ করেন ওই মাংস বিক্রেতার কাছ থেকে।

এঘটনায় নিরাপদ খাদ্য আইনের ২৬, ৩৪ও ৪০ ধারায় বিশুদ্ধ খাদ্য আদালতে মামলা দায়ের করা হয় যার মামলা নং বিশুদ্ধ খাদ্য-১৩/২২, তারিখ ০১/০৯/২০২২।

পরে মাংস বিক্রেতা সাজু ওতার পিতা মোহাম্মদ আলীকে আটক করে বিশুদ্ধ খাদ্য আদালতে হাজির করা হলে বিজ্ঞ বিচারক এস এম শিয়ত উল্লাহ তাদের ১বছরের প্রবেশন সাজা দিয়ে সংশোধন হওয়ার আদেশ জারি করেছেন।

এছাড়া তার কাছ থেকে জব্দকৃত ফ্রিজিং বাসি ৮ কেজি মাংস মেহেরপুর দারুল উলুম হেফজে খানাতে দেওয়া হয়েছে। এসময় স্যানেটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম, এসআই মনিরুল ইসলাম উপস্থিত ছিলেন।